চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৬ মে ২০১৮ খ্রি.

আসন্ন রমজান মাসকে সামনে রেখে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বাজার মনিটরিং অভিযান শুরু

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ১৬ মে ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট ও আসন্ন রমজান মাসকে সামনে রেখে বাজার মনিটরিং অভিযান পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন কাজীর দেউরি কাঁচা বাজার ও ও সিডিএ মার্কেটের গ্রোসারি সপে পণ্যের মূল্য তালিকা টাঙানো নিশ্চিত করা ও বাজার দ্রব্য মূল্য মনিরটরিং করেন। এসময় পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার না করার দায়ে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইনে জীবন গ্রোসারিকে ৫ হাজার, হক ভান্ডার স্টোরকে ৩ হাজার, জনতা স্টোরকে ১ হাজার এবং একই অভিযানে নুর আহমদ সড়কে ফুটপাতের উপর অবৈধভাবে দোকানের পন্য সামগ্রী রেখে জনদূর্ভোগ সৃস্টির দায়ে মদিনা টাইলসকে ৫ হাজার, মদিনা মোজাইককে ৫ হাজার, জনতা মোজাইককে ৫ হাজার, পান্না মোজাইককে ৫ হাজার, বদরশা টাইলসকে ৫ হাজার, অলিম্পিক মোজাইককে ৫ হাজার, গোল্ডেন মোজাইককে ৫ হাজার, হক মোজাইককে ৫ হাজার ও বেঙ্গল এজেন্সিকে ৫ হাজার টাকা সহ সর্বমোট ৫৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ১৬ মে ২০১৮ খ্রি.

কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজে কৃতি শিক্ষক সংবর্ধনা,নবীণ বরণ ও বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে মেয়র বাংলাদেশ সমুদ্র জয়ের পর মহাকাশও জয় করেছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাংলাদেশ সমুদ্র জয়ের পর মহাকাশও জয় করেছে। সমুদ্রকে নীল অর্থনীতির মাধ্যমে দেশের উন্নয়নে কাজে লাগাতে সরকার চট্টগ্রামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় স্থাপন করছে। এ বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর ৬ হাজার শিক্ষার্থী সমুদ্র জয়ের সুফল বাংলাদেশের জন্য বয়ে আনবে। তিনি বিশ্বাস করেন বর্তমান শিক্ষার্থীদের হাত ধরে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে উন্নিত হবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, সকল শিক্ষক তাদের শিক্ষার্থীদের নিজ সন্তানের মমতায় শিক্ষা দিতে হবে

এবং তাদেরকে দেশপ্রেমে উদ্‌বুদ্ধ করতে হবে। যাতে তারা উন্নত বিশ্বের সাথে পাল্লা দিয়ে সামনে এগুতে সক্ষম হয়। প্রসঙ্গক্রমে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, আমি স্বচ্ছতা, সততা ও জবাবদিহিতার ভিত্তিতে দায়িত্ব পালন করি। আমি মুসলমান। অন্য ধর্মের প্রতিও আমার শ্রদ্ধা ও সম্মান বোধ আছে। সেই হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে এবং শিক্ষা প্রতিষ্ঠানে দায়িত্বশীল সকলকে স্বচ্ছতা, সততা ও জবাবদিহিতার ভিত্তিতে দায়িত্ব পালন করতে হবে। যাতে চসিকের সুনাম ও সুখ্যাতি বৃদ্ধি পায়। তিনি কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের শিক্ষার গুনগত মান উন্নয়নের উপর জোর দিয়ে বলেন, এ কলেজের শিক্ষার স্বার্থে নতুন একটি ৬ তলা ভবন নির্মাণ করা হবে। গত ১৫ মে ২০১৮ খ্রি., মঙ্গলবার কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের কৃতি শিক্ষক সংবর্ধনা,নবীণ বরণ ও বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। কলেজ ক্যাম্পাসে দুপুরে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন। বিশেষ অতিথি ছিলেন ১৬ নং চকবাজার ওয়ার্ড কাউন্সিলর সাইয়্যেদ গোলাম হায়দার মিন্‌টু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আঞ্জুমান আরা বেগম, কলেজ পরিচালনা কমিটির সদস্য মঞ্জুর হোসাইন। স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোয়ার জাহান বেগম। অনুষ্ঠানে অত্র শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক মাহবুবা ইয়াসমিন এমফিল ডিগ্রী অর্জন করায় এবং জাতীয় সঙ্গীত প্রতিযোগিতায় জাতীয়ভাবে কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের ১০জন শিক্ষার্থী দ্বিতীয় স্থান অর্জন করায় তাদের সহ ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে ক্রেস্ট ও পুরষ্কার তুলে দেন প্রধান অতিথি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম- ১৬ মে ২০১৮খ্রি.

জনগণের স্বার্থ সংরক্ষনের মাধ্যমে মন জয় করে আগামীতে দলের বিজয়কে নিশ্চিত করতে হবে-

মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, জনগণের স্বার্থ সংরক্ষনের মাধ্যমে মন জয় করে আগামীতে দলের বিজয়কে নিশ্চিত করতে হবে। আওয়ামীলীগ এ দেশের গণ মানুষের সংগঠন। এ সংগঠনের নেতাকর্মীরা সাধারণ মানুষের মনের আকুতি ও হৃদয়ের স্পন্দন বুঝতে পারে বলেই তাদের কল্যাণে জীবন বাজি রেখে কাজ করে যাচ্ছে। তিনি তৃণমূল পর্যায়ে সংগঠনকে শক্তিশালী করে আসন্ন নির্বাচনে দলকে বিজয়ী করার জন্য নেতাকর্মীদের সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকার আহŸান জানান। মেয়র আরো বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশের মর্যাদা পেয়েছে। তাঁর নেতৃত্বে জল, স্থল ও আকাশ পথে বাংলাদেশের বিজয় এসেছে। বাংলাদেশ আজ বিশ্বে মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে। জননেত্রী শেখ হাসিনা বিশ্বনেত্রী হিসেবে স্বীকৃতি অর্জন করেছে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, এ দেশে স্বাধীনতা বিরোধী ও রাষ্ট্রিয় সম্পদ লুন্ঠনকারী ও সন্ত্রাসীদের গডফাদারদের আর কোন দিন স্থান হবে না। পরাজিত শক্তি যাতে

এদেশের রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত হতে না পারে সেদিকে নেতাকর্মীদের অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করতে হবে। গত ১৫ মে ২০১৮খ্রি. মঙ্গলবার, বিকেলে লিলি কমিউনিটি সেন্টারে ৩৮নং দক্ষিন মধ্যম হালিশহর ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ সব কথা বলেন। ৩৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ হাসান মুরাদ এর সভাপতিত্বে ও সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ হাসানের উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি সাবেক ছাত্রনেতা আলহাজ্ব খোরশেদ আলম সুজন। এতে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক জহুর আহমদ, নির্বাহী সদস্য নুরুল আলম, কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী, কামরুল হাসান বুলু, রোটারিয়ান মো. ইলিয়াছ, সাইফুদ্দিন খালেদ বাহার, শাহনেওয়াজ চৌধুরী, ৩৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি হাজী ইদ্রিস মিয়া, ৩৭নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবদুল মান্নান, আবু তাহের, মোরশেদ আলম, হাজী হাসান মুন্না, কামরুল হোসেন, সালাউদ্দিন, হাজী আবু নাছের, মো. কামাল উদ্দিন, এস এম বরকত উল্লাহ, এস এম ফারুক, সাহেদ বশর ও দিদারুল আলমসহ অন্যরা। কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি সাবেক ছাত্রনেতা আলহাজ্ব খোরশেদ আলম সুজন বলেন, ১৯৭১ সনে যারা স্বাধীনতার বিরুদ্ধে, বঙ্গবন্ধু ও আওয়ামীলীগের বিরুদ্ধে অবস্থান নিয়ে পাকিস্তানীদের পক্ষ অবলম্বন করে এ দেশের মা-বোনের ইজ্জ্বত হরণ, হত্যা, গণহত্যা, অগ্নিসংযোগ ও মানবতা বিরোধী অপকর্মে লিপ্ত ছিল তাদের কোন সন্তান বা অনুসারী সদস্য নবায়ন ও নতুন সদস্য হয়ে যাতে দলে অনুপ্রবেশ করতে না পারে সেদিকে নেতাকর্মীদের সজাগ দৃষ্টি রাখতে হবে। মনে রাখতে হবে খাটি আদর্শবান নেতাকর্মী ছাড়া দলের ভাবমূর্তি সুরক্ষা এবং রাষ্ট্রীয় ক্ষমতা পরিচালনা করা সম্ভব নয়। অনুষ্ঠান শেষে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এবং সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন ও সহ সভাপতি আলহাজ্ব খোরশেদ আলম সুজন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক ও উর্ধ্বতন নেতৃবৃন্দের হাতে সদস্য ফরম তুলে দেন।

চট্টগ্রাম- ১৬ মে ২০১৮খ্রি.

মানুষের মন থেকে আওয়ামীলীগকে কোন অপশক্তি মুছে ফেলতে পারবেনা। ২০ নং দেওয়া বাজার ওয়ার্ডে আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে মেয়র

১৫ মে. ২০১৮ খ্রি. মঙ্গলবার, সন্ধ্যায় খলিফাপট্টি বেঙ্গল হোল্ডিং চত্বরে ২০ নং দেওয়ান বাজার ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ জল, স্থল ও আকাশে বাংলাদেশের সুনাম ও সুখ্যাতি ছড়িয়ে পড়েছে। তাঁর সুযোগ্য নেতৃত্বে দেশের করিডোর জয় করার পর সমুদ্র জয়

এবং বর্তমানে স্যাটেলাইটের মাধ্যমে আকাশ জয় করতেও বাংলাদেশ সক্ষম হয়েছে। মেয়র বলেন, আওয়ামীলীগ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাঙালির ভাষার অধিকার, স্বাধীনতা ও স্বাধিকার অর্জিত হয়েছে। এ দলের অর্জণ বাঙালি জাতির হৃদয়ে গ্রথিত আছে। মানুষের মন থেকে আওয়ামীলীগকে কোন অপশক্তি মুছে ফেলতে পারবেনা। তিনি আশা করেন, অতীতে যারা জীবনপন সংগ্রাম করে দুঃশাসনের বিরুদ্ধে দলকে সামনে এগিয়ে নিয়েছে, তারাই আগামীতে আওয়ামীলীগকে পূনরায় রাষ্ট্রিয় ক্ষমতায় অধিষ্ঠিত করতে সর্বোচ্চ ত্যাগ স্বীকার করতে প্রস্তুত আছে। আ জ ম নাছির উদ্দীন দূর্দীন ও দুঃসময়ের নেতা কর্মীদের সর্বাগ্রে সদস্য নবায়ন করে ত্যাগের মর্যাদা দেয়ার আহবান জানান। অনুষ্ঠানের উদ্বোধক চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী বলেন, এদেশের যা-কিছু অর্জণ সবকিছুই আওয়ামীলীগের নেতৃত্বে অর্জিত হয়েছে। এ দলের নেতা-কর্মীদের লোভ লালসার কিছুই নেই। তিনি বলেন, বঙ্গবন্ধুর আহবানে আওয়ামীলীগের নেতা-কর্মীরা অকাতরে বুকের রক্ত ঢেলে দিয়ে দেশ স্বাধীন করেছে। জননেত্রী শেখ হাসিনার আহবানে আওয়ামীলীগ দেশ গড়ার সংগ্রামে নিয়োজিত আছেন। তিনি নিবেদিত প্রান নেতা-কর্মীদের সদস্য নবায়ন করে দলকে সুসংগঠিত করার আহবান জানান। ২০ নং দেওয়ান বাজার ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংঠনের সভাপতি ও মহানগর আওয়ামীলীগের সদস্য আলহাজ্ব পেয়ার মোহাম্মদ। সংগঠনের সাধারন সম্পাদক আবু তৈয়ব সিদ্দিকী ও সুফিয়ান সিদ্দিকীর যৌথ উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সম্মেলনে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা সফর আলী, সাংগঠনিক সম্পাদক চৌধুরী হাসান মাহমুদ হাসনী, উপ প্রচার সম্পাদক মোহাম্মদ শহিদুল আলম, কোতোয়ালী থানা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবুল মুনসুর, সাইফুদ্দিন খালেদ বাহার, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আঞ্জুমান আরা বেগম, আওয়ামীলীগ নেতা আবু তৈয়ব সিদ্দিকী, কুতুব উদ্দিন সেলিম, আলহাজ্ব আবুল কালাম, সেকান্দর আলী, দিদারুল আলম দিদার, সুফিয়ান সিদ্দিকী, শাহাদত হোসেন চৌধুরী বাদল, সিহাব উদ্দিন, মুসলিম আলী জনি, মো. নুরুল আমিন, সাবের আহমদ, অসীম চক্রবর্তী, গিয়াস উদ্দিন, যুবলীগ ও ছাত্রলীগ নেতা যথাক্রমে সাইমন সাহাদাত চৌধুরী, তৌহিদুল আলম পাভেল, মুহি, রবিউল হোসেন বালি ও সৈকত দাশ বক্তব্য রাখেন। কর্মী সম্মেলনে মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি, সাধারন সম্পাদক ও সিটি মেয়র সংগঠনের সভাপতি ও সাধারন সম্পাদক সহ নেতৃবৃন্দের হাতে সদস্য নবায়ন ফরম তুলে দেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন